

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১২০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪০. খুত্ববাহ শেষে মিম্বার থেকে নেমে ইমামের কথা বলা

باب الإِمَامِ يَتَكَلَّمُ بَعْدَ مَا يَنْزِلُ مِنَ الْمِنْبَرِ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ جَرِيرٍ، _ هُوَ ابْنُ حَازِمٍ لَا أَدْرِي كَيْفَ قَالَهُ مُسْلِمٌ أَوْ لَا _ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسٍ قَالَ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَنْزِلُ مِنَ الْمِنْبَرِ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسٍ قَالَ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَنْزِلُ مِنَ الْمِنْبَرِ فَيَعْرِضُ لَهُ الرَّجُلُ فِي الْحَاجَةِ فَيَقُومُ مَعَهُ حَتَّى يَقْضِيَ حَاجَتَهُ ثُمَّ يَقُومُ فَيُصلِيّ . قَالَ أَبُو دَاوُدَ الْحَدِيثُ لَيْسَ بِمَعْرُوفٍ عَنْ ثَابِتٍ هُوَ مِمَّا تَفَرَّدَ بِهِ جَرِيرُ بْنُ حَازِمٍ .

_ ضعيف: و الصحيح الحديث ٢٠١

বাংলা

১১২০। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি দেখেছি যে, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম খুত্ববাহ শেষে মিম্বার হতে অবতরণ করার পর এক ব্যক্তি নিজ প্রয়োজনে তাঁর সামনে এসে হাজির হলো। তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) লোকটির প্রয়োজন পূরণ না হওয়া পর্যন্ত তার সাথেই দাঁড়িয়ে থাকতেন অতঃপর সালাতে দাঁড়ালেন।[1]

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেন, সাবিত সূত্রে হাদীসটি পরিচিত নয়। এটি জরীর ইবনু হাযিমের একক বর্ণনা।

দুর্বল : সহীহ হচ্ছে হাদীস নং ২০১।

English

Narrated Anas ibn Malik:

I saw the Apostle (ﷺ) would descend from the pulpit and a man stop him for his need. He would remain standing with him until his need was fulfilled.



Then he would stand and pray.

Abu Dawud said: This tradition is not well known from the narrator Thabit. Jarir b. Hazim is the only narrator of this tradition.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ ইমাম মিম্বার হতে অবতরনের পর কথা বলা, হাঃ ৫১৭), নাসায়ী (অধ্যায় : জুমু'আহ, হাঃ ১৪১৮), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ ইমাম মিম্বার হতে অবতরনের পর কথা বলা, হাঃ ১১১৭), আহমাদ (৩/১১৯), ইবনু খুযাইমাহ (হাঃ ১৮৩৮) জারীর হতে। ..

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন